64

দৈনিক ইত্তেফাক

তারিখ 2 1 MAY 1998
পৃষ্ঠা ৪ কলাম ৩

# বাতিল পরীক্ষা কেন্দ্র চালুর জন্য বিভিন্ন মহলের চাপ ।। শিক্ষা মন্ত্রণালয় বিপাকে

**ইত্তেফাক রিপোর্ট ।।** নকলের দায়ে বাতিল করা পরীক্ষা কেন্দ্রসমূহ পুনরায় চালু করার ব্যাপারে বিভিন্ন মহল হইতে চাপ শুরু হওয়ায় শিক্ষা মন্ত্রণালয় বিপাকে পড়িয়াছে। সদ্য সমাপ্ত এসএসসি পরীক্ষায় ব্যাপক হারে নকলের ঘটনার প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় ঘোষণা দিয়াছে নকলের দায়ে অভিযুক্ত কোন কেন্দ্র বাতিল করা হইলে ইহার জন্য কোন সুপারিশ গ্রহণ করা

(১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## বাতিল পরীক্ষা কেন্দ্র

*(প্রথম পৃঃ পর)*

হইবে না। মন্ত্রণালয়ের এই সিদ্ধান্তকে উপেক্ষা করিয়া বাতিল করা কেন্দ্রসমূহ পুনরায় চালু করার ব্যাপারে রাজনৈতিক চাপ শুরু হইয়াছে। মন্ত্রণালয়ের একটি সূত্র জানায়, গত বছর এইচএসসি পরীক্ষা চলাকালে কুমিল্লার চৌদ্দগ্রাম সরকারী কলেজ ও চৌয়ারা কলেজে ব্যাপক নকলের ঘটনা ঘটে। শিক্ষামন্ত্রী স্বয়ং উপস্থিত হইয়া নকলের ঘটনা প্রত্যক্ষ করেন। তাৎক্ষণিকভাবে কলেজ দুইটির কেন্দ্রসমূহ বাতিল এবং অধ্যক্ষের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়। বর্তমানে উক্ত কলেজ দুইটির পরীক্ষা কেন্দ্র বহাল রাখার দাবীতে রাজনৈতিক চাপ শুরু হওয়ায় শিক্ষামন্ত্রী স্বয়ং বিব্রতকর অবস্থার মুখোমুখি হইয়াছেন।